

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

www.rajshahieducationboard.gov.bd  
রাজশাহীশিক্ষাবোর্ড.বাংলা



## অফিস আদেশ

নম্বর-২২২/সংস্থাপন

তারিখ-.../০৫/২০২৪ খ্রি.

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী'র সহকারী সচিব মো: আনোয়ার হোসেন কে ১৯৫৯ সালের নির্ধারিত ছুটি বিধির ৩(১) (বি)(২) ধারা মোতাবেক সৌদি আরবে পবিত্র হজ্জ পালনের জন্য ১৯/০৫/২০২৪ খ্রি. থেকে ১১/০৭/২০২৪ খ্রি. তারিখ পর্যন্ত মোট ৫৪ (চুয়ান্ন) দিন পূর্ণ গড় বেতনে বহিঃ বাংলাদেশ অর্জিত ছুটি মঞ্জুর করা হ'ল।

- (ক) পবিত্র হজ্জ/ওমরা/ছুটিকালীন সময়ের বেতন-ভাতা তিনি বাংলাদেশী মুদ্রায় পাবেন।
- (খ) তার আলোচ্য ছুটি/ভ্রমণ কেবলমাত্র উল্লিখিত সময়ের জন্য বৈধ থাকবে।
- (গ) তিনি নিজ খরচে পবিত্র হজ্জ/ওমরা পালনের জন্য সৌদি আরবে গমন করবেন।
- (ঘ) তার বৈধ পাসপোর্ট ও ভিসা থাকতে হবে।

উল্লিখিত ছুটি শেষে তাকে নির্ধারিত তারিখে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে যোগদানপত্র নিম্নস্বাক্ষরকারীর নিকট দাখিল করার জন্য বলা হ'ল। অন্যথায় তাকে অফিসে অনুপস্থিত বলে গণ্য করা হবে।

বি:দ্র: এ বোর্ডের সহকারী সচিব মো: আনোয়ার হোসেন এর ছুটিকালীন সময়ে সহকারী কলেজ পরিদর্শক মো: গোলাম নবী কে তার নিজ দায়িত্বসহ অতিরিক্ত দায়িত্ব পালনের জন্য নির্দেশ দেয়া হল।

চেয়ারম্যানের আদেশক্রমে

মো: হুমায়ূন কবীর, ৪৪১৭ ০২.০৫.২৪

সচিব

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী  
ফোন নম্বর- ০২৫৮৮৮৫৬২৮৬

মো: আনোয়ার হোসেন

সহকারী সচিব

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী

স্মারক নম্বর-৬.৬.৪(৫)/৭ম-২৩১/সংস্থাপন

তারিখ-.../০৫/২০২৪ খ্রি.

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :

১. বিদ্যালয় পরিদর্শক, রাজশাহী শিক্ষা বোর্ড
২. ইমিগ্রেশন অফিসার, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা, বাংলাদেশ
৩. চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, রাজশাহী শিক্ষা বোর্ড (পত্রটি এ বোর্ডের ওয়েবসাইটে আপলোড করার জন্য)
৪. গোলাম নবী, সহকারী কলেজ পরিদর্শক, রাজশাহী শিক্ষা বোর্ড
৫. অফিস নথি

০২.০৫.২০২৪  
উপ-সচিব (প্রশাসন)

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড রাজশাহী